

তাহা শুনি কাশীস্বরী করিল রন্ধন।
 গোঁসাই সুস্থির হয়ে করিল ভোজন।।
 পুনর্ববার হীরামন যাত্রা করিলেন।
 তারক আসিয়া পথে প্রণাম করেন।।
 ভূমিষ্ঠ হইয়া পদে করে প্রণিপাত।
 গোঁসাই করিল পৃষ্ঠদেশে পদাঘাত।।
 শব্দ হ'ল বিপরীত নড়ে উঠে ঘর।
 পদ পড়ে পুষ্প-সম পৃষ্ঠের উপর।।
 বিপরীত শব্দ শুনি এল মৃত্যুঞ্জয়।
 ক্রোধিত হইয়া এসে হীরামনে কয়।।
 'তারকে মারিলে পেয়ে কীবা অপরাধ।
 সবাকার পিতা হয় এক হরিচাঁদ।।'
 গল-লগ্নি-কৃতবাসে কহিছে তারক।
 'আমার অন্তরে বড় হইয়েছে পুলক।।
 এক লাথি দিয়াছেন আর লাথি দিলে।
 পাইতাম শ্রীপদ তাহাতে বাদী হ'লে।।
 গোস্বামীর প্রতি কোনো চাহ কোপ দৃষ্টে।
 পদ্ম-পুষ্প-সম বাজিয়াছে মম পৃষ্ঠে।।
 জন্মের সার্থক আমি কুপার ভাজন।
 গোঁসাই দিলেন লাথি ধন্য এ জীবন।।
 অন্য লোকে লাথি ভেবে হইয়েছে অকুল।
 লাথি নহে মম পৃষ্ঠে আশীর্বাদী ফুল।।'
 তাহা শুনি গোস্বামীজী হাঁটিয়া চলিল।
 মৃত্যুঞ্জয় তাহা শুনি নীরব হইল।।
 হীরামন লীলাখেলা মহিমা অপার।
 এ লীলা রচিল কবি রায় সরকার।।



হীরামন গোস্বামী কর্তৃক মৃত্যুঞ্জয়ী দুর্গাদেবীর স্তন্যপান

বেথড়ি গ্রাম নিবাসী গোবিন্দ বিশ্বাস।
 তাহার কনিষ্ঠ ভ্রাতা চৈতন্য বিশ্বাস।।

কৃষ্ণ-ভক্ত-শিরোমণি সাধু অতিশয়।
 বৈষ্ণব সুবুদ্ধি, অতি নিম্ন হৃদয়।।
 করিতেন দুর্গোৎসব শরৎ কালেতে।
 আসিতেন হীরামন সে পূজা দেখিতে।।
 বসিয়া দেখিতে পূজা প্রণালী সকল।
 তাহা দেখি নয়নে বহিত অশ্রুজল।।
 ব্রাহ্মণেরা মন্ডপের বাহির হইলে।
 হীরামন উঠিতেন দুর্গা দুর্গা বলে।।
 মা দুর্গে! মা দুর্গে! বলে ছাড়িতেন হাই।
 হাসিয়া বলিত 'আমি মার' কোলে যাই।।
 এত বলি গোস্বামী মায়ের গলা ধরি।
 বলে 'পুত্র কোলে কর ওগো মা শঙ্করী।'
 এত বলি কোলে উঠিবারে আয়োজন।
 হেন কালে এল তথা পূজক ব্রাহ্মণ।।
 বলে 'ও পাগল ও কি করহ ওখানে।
 যাইতে হয় না মার কোলেতে এখনে।'
 এত শুনি প্রতিমার গলা ছেড়ে দিয়া।
 চাহিয়া প্রতিমা পানে র'ল দাঁড়াইয়া।।
 মৃদু মৃদু হাসে আর মৃদু ভাষে কয়।
 'মায়ের কোলে বলে যাওয়া নাহি যায়।।
 মার সেবা অন্তে কিছু প্রসাদ লইব।
 মায়ের কোলেতে বসি স্তনদুগ্ধ পিব।।
 তাহা না হইল মোর আমি অভাজন।
 মা কেন করে না দয়া না পিয়ার স্তন।।
 আমি যেন অভাজন মার দয়া কই।
 কোন গুণে নাম ধরিয়াছ দয়াময়ী।'
 এতেক বলিয়া পুনঃ যাইয়া সত্বরে।
 বাম হস্ত দিয়া প্রতিমার গলা ধরে।।
 ডান হস্ত প্রতিমার বক্ষঃপর দিয়া।
 বৃদ্ধাঙ্গুলি দিয়া স্তন দেখেন টিপিয়া।।
 'আমাদের এই মাতা সেই মাতা হ'লে।
 দেখিয়া চিনিত মোরে করিত গো কোলে।।